

ইউনেস্কো সাক্ষরতা পুরস্কার পেয়েছে সিআইআরএসি

কাগজ প্রতিবেদক : ব্রিটিশ এনজিও
একশন এইডের সাহায্যপুষ্ট সার্কেল অফ
ইন্টারন্যাশনাল রিসার্চ একশন এন্ড
কমিউনিকেশন (সিআইআরএসি)
ইউনেস্কোর আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার
২০০৩ লাভ করেছে। ইউনেস্কোর সদর
দপ্তর প্যারিসে গত মাসে জুরি বোর্ড এ
সংস্থাকে মনোনীত করে। এ সংস্থাটি
নিবন্ধিতা দুর্দীকরণে বাংলাদেশ, জাম্বিয়া এবং
দক্ষিণ আফ্রিকায় বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন
করছে।

এছাড়া ইন্টারন্যাশনাল রিডিং
এসোসিয়েশন পুরস্কারের জন্য ঢাকা
আহছানিয়া মিশন, নোমা পুরস্কারের জন্য
জাম্বিয়ার পাসুকা ট্রাস্ট এর নাম ঘোষণা করা
হয়েছে। আগামী ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক
সাক্ষরতা দিবসে বিজয়ীদেরকে তাদের নিজ
নিজ দেশে পুরস্কৃত করা হবে।